সংবাদ

তারিখ 23 AUG 2017
পৃষ্ঠা ১০ কলাম ৬

# শাবির উপাচার্য হলেন অধ্যাপক ফরিদ উদ্দিন

প্রতিনিধি, শাবি (সিলেট)

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) নতুন উপাচার্য হিসেবে যোগদান করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। গত সোমবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ১০তম উপাচার্য হিসেবে কর্মক্ষেত্রে যোগ দিলে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ থাকে অভিনন্দন জানান। এর আগে ক্যাম্পাসে প্রবেশ করে প্রথমেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি।